# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, সিলেট।
www.sylhetboard.gov.bd
e-mail: chairmanbisesyl@gmail.com

স্মারক নং: ৩৭.১৪.৯১০০.৩০০.৫২.০০১.২০-৫৯১

তারিখ: ৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারী ২০২০ খ্রিঃ

**বিষয় ঃ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের (২০২০ সালের এইচ এস সি পরীক্ষার্থী) রেজিস্ট্রেশন কার্ড নিম্নলিখিত তারিখ অনুযায়ী অত্র শিক্ষা বোর্ডের কলেজ শাখা থেকে বিতরণ করা হবে। অধ্যক্ষ মহোদয় বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| জেলার নাম | রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের তারিখ |
|---|---|
| সিলেট | ২৩-০২-২০২০ খ্রিঃ |
| হবিগঞ্জ | ২৪-০২-২০২০ খ্রিঃ |
| মৌলভীবাজার | ২৫-০২-২০২০ খ্রিঃ |
| সুনামগঞ্জ | ২৬-০২-২০২০ খ্রিঃ |

শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. অত্র শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত রেজিস্ট্রেশন কার্ডের নিধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের পর প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করে মূল রেজিস্ট্রেশন কার্ড শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

২. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের সংশোধনের প্রয়োজন হলে কলেজ শাখা থেকে সরবরাহকৃত সংশোধনী ফরম পূরণপূর্বক আগামী ১০-০৩-২০২০ তারিখের মধ্যে নির্ধারিত ফিসহ অত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৩. ভর্তি বাতিলকৃত কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তা আগামী ১০-০৩-২০২০ তারিখের মধ্যে অত্র শিক্ষা বোর্ডে অবশ্যই জমা দিতে হবে। কোনো ভাবেই ভর্তি বাতিলকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা যাবে না ।

৪. শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম সংশোধনের ক্ষেত্রে মাধ্যমিক পর্যায়ে সংশোধনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে।

৫. অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু না হয়ে থাকলে ই-এসআইএফ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি এবং ম্যানুয়ালি ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু না হয়ে থাকলে শিক্ষার্থীর ছবি(সিডির মাধ্যমে সফট কপি) ও ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২০/০২/২০২০

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৮৪০০৮৬
e-mail: bisecollegesection@gmail.com

২০/০২/২০

প্রাপক: অধ্যক্ষ
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (অত্র শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

## ২০১৮–২০১৯ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীর বিষয় পরিবর্তনের ছক
(প্রত্যেক শিক্ষার্থীর জন্য আলাদা ছক)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কলেজের নাম | | | | | |
| EIIN | | কেন্দ্র কোড | | কলেজ কোড | |

| এসএসসি পরীক্ষা সংক্রান্ত তথ্য | | শিক্ষার্থীর তথ্য | | eSIF এ পূরণকৃত বিষয়সমূহের কোড (যেরূপ আছে) | | | পরিবর্তিত বিষয়সমূহের কোড (যেরূপ হবে) | | | শিক্ষার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রেজি নং | | নাম | | | প্রথম পত্র | দ্বিতীয় পত্র | | প্রথম পত্র | দ্বিতীয় পত্র | |
| | | | | আবশ্যিক বিষয় | ১০১ | ১০২ | আবশ্যিক বিষয় | ১০১ | ১০২ | |
| রোল নং | | পিতার নাম | | | ১০৭ | ১০৮ | | ১০৭ | ১০৮ | |
| | | | | | ২৭৫ | | | ২৭৫ | | |
| পাসের সাল | | | | নৈর্বাচনিক বিষয় | | | নৈর্বাচনিক বিষয় | | | |
| | | মাতার নাম | | | | | | | | |
| বোর্ড | | | | | | | | | | |
| | | | | ঐচ্ছিক বিষয় | | | ঐচ্ছিক বিষয় | | | |

১. প্রতি শিক্ষার্থীর জন্য ছকটির ০২ কপি স্পষ্টাক্ষরে লিখে জমা দিতে হবে;
২. বিষয় পরিবর্তনের জন্য সুপারিশের পূর্বে গুচ্ছ সংক্রান্ত বিষয়টি এবং সংশোধনের জন্য সুপারিশকৃত বিষয় কলেজে অনুমতিপ্রাপ্ত কিনা তা ভালভাবে লক্ষ্য করতে হবে;
৩. পূরণকৃত ছকের সাথে eSIF প্রিন্ট আউট ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি জমা দিতে হবে ।

সংশোধনের জন্য সুপারিশ করা হলো

অধ্যক্ষ
(সীলসহ স্বাক্ষর)